চুয়াডাঙ্গা পৌর পরিষদের উদ্যোগ গাছে গাছে পাখির বাসা

চুয়াডাঙ্গা পৌর এলাকা হবে পাখিদের অভয়ারণ্য। গাছের ডালে ডালে থাকবে পাখির বাসা। প্রকৃতি হবে ভারসাম্যপূর্ণ। সকালে পৌরবাসির ঘুম ভাঙবে পাখির কলকাকলীতে। দূর-দূরান্তের পর্যটকরাও আসবে চুয়াডাঙ্গা পৌর এলাকার পাখিদের অভয়ারণ্য দেখতে।

বেশ কিছুদিন থেকে এ স্বপ্ন দেখছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু। সে স্বপ্নের বাস্তবায়ন করতে সম্প্রতি উদ্যোগ নিয়েছেন মেয়র। চুয়াডাঙ্গা পৌর এলাকার গাছে গাছে বাধা হচ্ছে মাটির পাতিল। ইতোমধ্যেই তাতে বাসা বাধতে শুরু করেছে পাখিরা।

চুয়াডাঙ্গা পৌর এলাকার হাটকালুগঞ্জ, সিএন্ডবিপাড়া, ছাগল খামার এলাকাসহ পৌর এলাকার কয়েক স্থানে ঘুরে দেখা গেছে গাছের ডালে ডালে বাধা হয়েছে মাটির ছোট ছোট কলস। এতে গাছে গাছে পাখিদের আনাগোনা বেড়েছে। দেশীয় প্রজাতির পরিচিত পাখিদের পাশাপাশি দেখা মিলছে রঙ-বেরঙের নাম না জানা নানা প্রজাতির পাখির। বিশেষ করে শালিক, ঘুঘু ও বকের ঝাক দেখা যাচ্ছে প্রায় সময়ই।

স্থানীয়দের অভিমত, দেশের বিভিন্ন এলাকায় পাখির অভয়ারণ্য তৈরি হচ্ছে। কমে আসছে শিকারীদের দৌরাত্ব। এতে এমনিতেই সব এলাকাতেই পাখির সংখ্যা বেড়েছে। এ অবস্থায় অনেকেই ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিকভাবে উদ্যোগ নিচ্ছেন। অচিরেই এর সুফল পাবে মানুষ।

চুয়াডাঙ্গা শহরের মুক্তিপাড়ার বাসিন্দা মশিউর রহমান জানান, দীর্ঘদিন থেকেই নানা কারণে পাখিদের আবাস নষ্ট হচ্ছে। কৃষি জমিতে মাত্রাতিরিক্ত কীটনাশক ব্যবহার হচ্ছে। এসব কারণেই মূলত পাখিদের সংখ্যা কমে আসছিলো।

ইতোমধ্যেই কয়েক যুবকের প্রচেষ্টায় ‘পাখির গ্রাম’ হিসেবে খ্যাতি পেয়েছে চুয়াডাঙ্গা পৌর এলাকার বেলগাছি গ্রাম। এ গ্রামের বাসিন্দা পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মণি জানান, চুয়াডাঙ্গা পৌর এলাকায় ইতোমধ্যে প্রায় তিন হাজার মাটির পাতিল গাছের ডালে বাধা হয়েছে। প্রথম পর্যায়ে ১০ হাজার মাটির কলস বাধা হবে। তিনি বলেন, পৌর পরিষদের প্রশংসনীয় উদ্যোগ সাধারণ মানুষকেও উদ্বুদ্ধ

করছে। অনেকেই নিজ উদ্যোগেও গাছের ডালে পাখিদের জন্য মাটির কলস বেধে দিচ্ছেন।

চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু জানান, ‘পরিবেশের ভারসাম্য রক্ষায় পাখিদের ভূমিকা অনেক। কিন্তু সাম্প্রতিক সময়ে মানুষের আবাস ও কলকারখানা করতে গিয়ে একের পর এক পাখিদের আবাস ধ্বংস হয়ে যাচ্ছিলো। এতে অনেক পাখি বিলুপ্ত হওয়ার মতো অবস্থা হয়েছে। এ অবস্থায় প্রকৃতির ভারসাম্য ফিরিয়ে আনতে মানুষ নানাভাবে কাজ করছে। আমি পাখিদের আবাস গড়ার মাধ্যমে প্রাকৃতিক ভারসাম্য কিছুটা হলেও রক্ষা করতে চাই।’

মেয়র জিপু বলেন, ‘প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা নয়, সামাজিক দায়বদ্ধতা থেকে এমন উদ্যোগ নেয়া হয়েছে। আমার প্রত্যাশা পাখিদের কিচিরমিচির শব্দে পৌরবাসীর ঘুম ভাঙবে। চুয়াডাঙ্গা শহর অচিরেই পাখির শহর হিসেবে পরিচিতি লাভ করবে।’

স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন কেয়ার ফর আনক্লাইমড্ বিস্ট- কাব’র সভাপতি বখতিয়ার হামিদ বলেন, ‘আমরা ব্যক্তি উদ্যোগে পাখিদের নিয়ে কাজ করে আসছি। এ অবস্থায় কোনো রাজনৈতিক ব্যক্তি, সংগঠন বা প্রতিষ্ঠান এ ধরনের উদ্যোগ নিলে তা অনেকাংশে ফলপ্রসূ হয়।’

তিনি বলেন, ‘যেহেতু আমরা দীর্ঘদিন পাখিদের অভয়াশ্রম গড়ার কাজ করছি। সেহেতু আমরা চুয়াডাঙ্গা পৌর পরিষদের উদ্যোগের সাফল্য কামনা করি।’

চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মো. শামীমুজ্জামান বলেন, চুয়াডাঙ্গা পৌর পরিষদের উদ্যোগ প্রশংসনীয়। এর ফলে আমাদের জীববৈচিত্র ও প্রাকৃতিক ভারসাম্যের সুরক্ষা হবে। পাখিরা তাদের নিরাপদ আবাস পাবে। বর্তমান করোনাকালে পশু-পাখিদের খাদ্য সংকট রয়েছে। সেদিকেও আমাদের নজর দেয়া দরকার।

কোটচাঁদপুরে কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ

“কৃষিই সমৃদ্ধি” এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে রবি/২০২০-২১ মৌসুমে ভুট্টা, সরিষা, বোরো, গম, পেয়াজ এবং খরিপ-১ মৌসুমে মুগের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনা মূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়েছে। শনিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপজেলার বিভিন্ন গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, আওয়ামী লীগ নেতা কাজী আলম, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, কাবিল উদ্দীন প্রমুখ।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে রবি/২০২০-২১ মৌসুমে উপজেলার ২ হাজার ১’শ ৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ করা হবে।

শিক্ষা ভিসার আবেদন নিচ্ছে যুক্তরাষ্ট্র

মহামারী করোনাভাইরাসের কারণে দীর্ঘ বিরতির পর শিক্ষার্থীদের নতুন ভিসার আবেদন নেয়া শুরু করেছে ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস।

শুক্রবার যুক্তরাষ্ট্র দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এফ (একাডেমিক ও ল্যাঙ্গুয়েজ), এম (ভোকেশনাল) ও জে

(এক্সচেঞ্জ ভিজিটরস) ক্যাটাগরিতে ভিসার জন্য প্রথমবারের মতো যারা আবেদন করছেন, আগামী ১৫ নভেম্বর রোববার থেকে সীমিত আকারে সেসব আবেদন গ্রহণ ও সাক্ষাৎকারের জন্য সময় দেয়া শুরু হবে।

কোভিড ১৯-এর কারণে দূতাবাসের প্রাত্যহিক কর্মতালিকায় সাক্ষাৎকারের সংখ্যা সীমিত থাকবে এবং ভিসা প্রসেস করার জন্য ছয় সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে। বিষয়টি মনে রেখে আবেদনকারীদের ভিসার আবেদন ও ভ্রমণ পরিকল্পনা করতে অনুরোধ করা হচ্ছে।

দূতাবাস জানিয়েছে, আবেদনকারীদের নির্ধারিত ওয়েবসাইটে (www.ustraveldocs.com/bd) লগইন করে তাদের প্রোফাইল হালনাগাদ করতে হবে এবং ভিসা ফি দেয়ার পর অনলাইন সাক্ষাৎকারের সময় নিতে হবে।

জমা দেয়া আবেদন ফি (এমআরভি) নিয়মিত ভিসা সেবা কার্যক্রম পুনরায় চালু না হওয়া পর্যন্ত বৈধ থাকবে এবং এই আবেদন ফি ব্যবহার করে আগামী ২০২১ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সাক্ষাত্কারের জন্য সময় নেয়া যাবে।

যুক্তরাষ্ট্র দূতাবাস জানিয়েছে, যেসব শিক্ষার্থী যুক্তরাষ্ট্রে লেখাপড়া করছেন, তারা একই শিক্ষাপ্রতিষ্ঠানে লেখাপড়া চালিয়ে গেলে সাক্ষাত্কার ছাড়াই স্টুডেন্ট ভিসা নবায়নের সুযোগ দেয়া হচ্ছে।

এফ২ ভিসার অধীনে স্বামী/স্ত্রী বা তাদের ২১ বছরের কম বয়সী সন্তানের ভিসা নবায়নের আবেদনও নেয়া হচ্ছে। এ ছাড়া ‘জীবন-মৃত্যুর মতো অত্যন্ত জরুরি’ পরিস্থিতিতে আবেদনকারীদের জন্য জরুরি ভিসা কার্যক্রম সবসময়ই চালু রাখা হয়েছে বলে দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ধানমণ্ডিতে তরুণীর অস্বাভাবিক মৃত্যু

ধানমণ্ডিতে ১০ তলা ভবন থেকে নিচে পড়ে আরনাজ আহমেদ (১৯) নামে এক

তরুণীর মৃত্যু হয়েছে।

শুক্রবার ঢাকা মেডিকেল কলেজ মর্গে তার মৃতদেহের ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে।

আরনাজ আইসিডিডিআরবির নির্বাহী পরিচালক তাহমিদ আহমেদের মেয়ে।

ধানমণ্ডি থানার ওসি ইকরাম আলী জানান, ধানমণ্ডির ১৫/এ নম্বর রোডের বাড়িতে পরিবারের সঙ্গে থাকত আরনাজ। বৃহস্পতিবার রাত দুটার দিকে দশ তলা ভবনের ছাদে গিয়েছিল আরনাজ। ছাদ থেকে নিচে পড়ে মারা যান তিনি।

ওসি বলেন, এটা আত্মহত্যা হতে পারে। তবে ময়নাতদন্ত রিপোর্ট পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।

রমনা বিভাগের ধানমণ্ডি জোনের এডিসি আবদুল হেল কাফি যুগান্তরকে বলেন, রাতে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। ওই তরুণীর বাবা-মাকে জিজ্ঞাসাবাদ করলে তারাও তার মৃত্যু সম্পর্কে মুখ খোলেননি।

পুরুষের জন্মনিয়ন্ত্রক টিকা আনছে ভারত!

পরুষদের জন্য জন্মনিয়ন্ত্রণে এক ধরনের টিকা আনছে ভারত। ইতিমধ্যে এ টিকা বাজারে আনার জন্য সব ধরনের প্রস্তুতিও সম্পন্ন হয়েছে।

নয়দিল্লির একদল গবেষক দীর্ঘদিনের গবেষণার পর এই টিকা প্রস্তুত করেছে। তারা জানিয়েছেন, পুরুষদের জন্মনিয়ন্ত্রক এই টিকা একবার প্রয়োগ করলে ১৩ বছর তার প্রভাব থাকবে।

ভারতের আনন্দবাজার পত্রিকা বলছে, পেট ও উড়ুর মধ্যে ইনজেকশন দিয়ে পুরুষের শরীরে প্রয়োগ করা হবে এ টিকা। এতে জন্মদানের ক্ষমতা হারানোর আশঙ্কা নেই। আর ক্লিনিক্যাল ট্রায়ালে এর কোনো পার্শ্বপ্রতিক্রিয়া মেলেনি।

ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চ বা আইসিএমআর জানিয়েছে, পুরুষদের জন্য প্রস্তুত এ টিকা আন্তর্জাতিক মানদণ্ডে সুরক্ষিত, দীর্ঘ সময় পর্যন্ত এর উপযোগিতা থাকবে।

৩০০ জনের ওপর এর পরীক্ষা হয়েছে, সাফল্যের হার ৯৭.৩ শতাংশ। তিন রাউন্ডের ট্রায়ালে কারও কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হয়নি।

আইসিএমআরের বিজ্ঞানী আর এস শর্মা বলেন, এ টিকা পুরোপুরি প্রস্তুত, এখন সরকার অনুমোদন দিলে তা বাজারে আনা হবে।

তিনি বলেন, এটিই বিশ্বের প্রথম পুরুষ গর্ভনিরোধক। যদি এর দাম কিছুটা কম রাখা যায়, তবে অবাঞ্ছিত সন্তান সম্ভাবনা আটকানোর জন্য এটি অত্যন্ত উপযোগী প্রমাণিত হবে।

চলন্ত অবস্থায় লক্ষ্যবস্তু স্থির করতে পারে, নতুন মিসাইলের সফল পরীক্ষা ভারতের

ফের এক নতুন মিসাইলের পরীক্ষা চালাল ভারত। উড়িষ্যা উপকূল থেকে সফল উৎক্ষেপণ করা হল সেই মিসাইলের। শুক্রবার এই মিসাইল পরীক্ষা হয়।

পাইলটবিহীন একটি এয়ারক্রাফটে গিয়ে আঘাত করে ওই মিসাইল। শুক্রবার বিকাল ৩টা ৫০ মিনিটে চাঁদিপুর থেকে ওই মিসাইল ছোঁড়া হয়। এই সাফল্যের পরই বাণিজ্যিকভাবে এই মিসাইল তৈরির প্রক্রিয়া শুরু হতে চলেছে। মিডিয়াম রেঞ্জে বিমানটিকে আঘাত করে এই মিসাইল।

নয়া এই মিসাইল চলন্ত অবস্থায় লক্ষ্য স্থির করতে পারে ও সঠিক টার্গেটে আঘাত করতে পারে। ভারতীয় সেনার এয়ার ডিফেন্সের জন্যই মূলত এই মিসাইল তৈরি হয়েছে। সূত্র: টাইমস অব ইন্ডিয়া

অস্ত্র বিক্রির রেকর্ড হতে পারে যুক্তরাষ্ট্রে! জল্পনা তুঙ্গে

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী জো বাইডেন শপথ নেয়ার আগেই দেশটিতে অস্ত্র বিক্রি বেড়ে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে। হতে পারে নতুন রেকর্ডও। মার্কিন গণমাধ্যম সিএনএন এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

জানা যায়, যুক্তরাষ্ট্রে অস্ত্র নিয়ন্ত্রণ আইন সংশোধনের জন্য দীর্ঘদিন মন্তব্য করে আসছেন বাইডেন। বাইডেনের মতে, অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো ডেমোক্র্যাটিক দলের শত্রু। কারণ ডেমোক্র্যাটিক দল দীর্ঘদিন যুক্তরাষ্ট্রে অস্ত্রের ব্যবহার কমিয়ে আনার প্রচেষ্টা করছে। কিন্তু তা কোনোভাবেই সম্ভব হচ্ছে না। অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো বার বার বাঁধা সৃষ্টি করছে।

বাইডেন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর অস্ত্র বিক্রি বেড়ে যেতে পারে এমন অনুমান করে মার্কিন প্রতিষ্ঠান এজিস ক্যাপিটালের ব্যবস্থাপনা পরিচালক রমেল ডিয়োনিসো বলেন, যুক্তরাষ্ট্রে অস্ত্র আইন সংশোধন ও এর ব্যবহার কমিয়ে আনার অঙ্গীকার করেছেন বাইডেন। তাই তার শপথ নেয়ার আগেই অস্ত্র বিক্রি বাড়িয়ে দিতে পারে অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো। হতে পারে নতুন রেকর্ড।

তিনি বলেন, অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো এখন আতঙ্কে আছে। কারণ বাইডেন ক্ষমতায় যাওয়ার অস্ত্র নিয়ন্ত্রণ বিষয়ক আইনের সংশোধন অবশ্যই করবেন।

ভেনেজুয়েলাকে হারিয়ে শীর্ষে ব্রাজিল

লাতিন আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্বের তৃতীয় ম্যাচে জয় পেয়েছে ব্রাজিল। বাংলাদেশ সময় শনিবার সকালে ঘরের মাঠে তারা ১-০ গোলে হারিয়েছে ভেনেজুয়েলাকে। এর মধ্য দিয়ে তিন ম্যাচে মাঠে নেমে তিনটিতেই জয় তুলে নিল তিতের শিষ্যরা। এই জয়ে পূর্ণ ৯ পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান নিয়েছে ফিরমিনো- জেসুসরা।

ভেনেজুয়েলার বিপক্ষে প্রথমার্ধে অবশ্য গোলের দেখা পায়নি ব্রাজিল। যদিও দুইবার বল জালে জড়িয়েছিল তারা। কিন্তু দুটিই বাতিল হয়। প্রথমবার ম্যাচের ৭ মিনিটে তারা ভেনেজুয়েলার জালে বল জড়ায়। আর দ্বিতীয়বার ম্যাচের ৪১ মিনিটে। তাতে গোলশূন্যভাবেই শেষ হয় প্রথমার্ধের খেলা।

বিরতির পর ম্যাচের ৬৭ মিনিটে গোলের দেখা পায় ব্রাজিল। এ সময় ডানদিক থেকে উড়ে আসা বলে বক্সের মধ্যে হেড নেন গ্যাব্রিয়েল জেসুস। তার হেড থেকে বল পেয়ে যান ফিরমিনো। ডান পায়ের আলতো টোকায় বল জালে পাঠান তিনি।

শেষ পর্যন্ত তার গোলটিই ম্যাচের ভাগ্য বদলে দেয়। ব্রাজিলকে পাইয়ে দেয় পূর্ণ তিন পয়েন্ট।

ইনজুরির কারণে এই ম্যাচে খেলতে পারেননি নেইমার দ্য সিলভা। খেলতে পারবেন না মঙ্গলবার উরুগুয়ের বিপক্ষের ম্যাচেও।

লাতিন আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্বে ১০ দলের মধ্যে শীর্ষে থাকা চারটি দল সরাসরি ২০২২ কাতার বিশ্বকাপে জায়গা করে নেবে। আর পঞ্চম স্থানে থাকা দলটি আন্তঃমহাদেশীয় প্লে-অফ খেলার মাধ্যমে বিশ্বকাপে জায়গা করে নেওয়ার সুযোগ পাবে।

ইউনিসের সঙ্গে চুক্তির মেয়াদ বাড়ালো পিসিবি

পাকিস্তানের ব্যাটিং কোচ হিসেবে ইউনিস খানের পারফরম্যান্সে সন্তুষ্ট দেশটির ক্রিকেট বোর্ড (পিসিবি)। ফলে ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত তার সঙ্গে চুক্তির মেয়াদ বাড়ানো হলো। বৃহস্পতিবার ইউনিসের সঙ্গে চুক্তি বাড়ানোর পাশাপাশি সাবেক টেস্ট স্পিনার আরশাদ খানকে নারী ক্রিকেট দলের বোলিং কোচ হিসেবে এক বছরের মেয়াদে নিয়োগ দিয়েছে পিসিবি।

চলতি বছরের শুরুর দিকে ইংল্যান্ড সফরে পাকিস্তান দলের ব্যাটিং পরামর্শক হিসেবে নিয়োগ পান ইউনিস। এখন মেয়াদ বাড়ানোয় আসন্ন নিউজিল্যান্ড সফর থেকেই দায়িত্ব পালন শুরু করতে পারবেন পাকিস্তানের টেস্ট ক্রিকেটের এই কিংবদন্তীতুল্য ব্যাটসম্যান।

ইউনিসের সঙ্গে চুক্তির মেয়াদ বাড়ানোর বিষয়ে পিসিবির পক্ষ থেকে বলা হয়েছে, ইংল্যান্ড সফরে ইউনিসের ব্যাপারে ইতিবাচক প্রতিক্রিয়া পাওয়ার পর আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত তাকে রেখে দেওয়ার এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কালীগঞ্জে বেড়েছে প্লাস্টিকের ব্যবহার

করোনা ভাইরাস প্রতিরোধে কালীগঞ্জে বেড়েছে প্লাস্টিকের গ্লাস ও প্লেটের ব্যবহার, ব্যবহার শেষে যা ফেলা হচ্ছে যত্রতত্র। যে কারণে দূষিত হচ্ছে পরিবেশ।

করোনার শুরু থেকে সংক্রমণ প্রতিরোধে কালীগঞ্জ শহরসহ গ্রামাঞ্চলের মানুষ ব্যবহার শুরু করে প্লাস্টিকের গ্লাস ও প্লেট। চায়ের দোকানে প্লাস্টিকের গ্লাসে চা খেয়ে ফেলে রাখা হচ্ছে যেখানে সেখানে। বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ, খাবার ও চায়ের

দোকানে একবার ব্যবহৃত এই পাত্রগুলো ফেলা হচ্ছে পাশের পুকুর, ডোবা, ড্রেন কিংবা রাস্তার পাশে। ফলে দূষিত হচ্ছে পরিবেশ।

ব্যবসায়ীরা বলছেন, ক্রেতারা ওয়ান টাইম পাত্র ছাড়া খাচ্ছেন না। অতিরিক্ত খরচ হলেও এসব পাত্রে খাবার পরিবেশন করতে বাধ্য হচ্ছি। অনেকে ফেরি করে চা বিক্রি করছেন তারাও ওয়ান টাইম গ্লাসেই বিক্রি করছেন।

কালীগঞ্জ বাসস্ট্যান্ডের চা দোকানি রোকনুজ্জামান, রনজিত কুমার রায়, নিশিত কুমার ঘোষ, আবদুল আলিম, নুর ইসলাম বলেন করোনা শুরুর পর থেকে ওয়ান টাইম গ্লাসের ব্যবহার বেড়েছে। দোকানের সামনে গ্লাস ফেলার জন্য পাত্র দিলেও ক্রেতারা চা খেয়ে যেখানে সেখানে ছুঁড়ে ফেলছেন।